

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মে ৩, ২০১১

[কেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিধিমায়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

ক্যান্টনমেন্ট বোর্ড
ঢাকা ক্যান্টনমেন্ট

প্রজ্ঞাপন

তারিখঃ ১৯ বৈশাখ, ১৪১৮ বঙ্গাব্দ/২ মে, ২০১১ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ১০৪-আইন/২০১১।—The Cantonments Act, 1924 (Act No. II of 1924), অতঃপর উক্ত Act বলিয়া অভিহিত, এর section 186 এ প্রদত্ত ক্ষমতাবলে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড, অতঃপর বোর্ড বলিয়া উল্লিখিত, ঢাকা সেনানিবাস (ইমারত নির্মাণ) উপ-আইন, ১৯৯৪ এর অধিকতর সংশোধনের উদ্দেশ্যে নিম্নরূপ খসড়া সংশোধনী উক্ত Act এর section 284 এর বিধান মোতাবেক প্রাক-প্রকাশ করিল, যথাঃ—

উক্ত উপ-আইনের—

(ক) অনুচ্ছেদ ৮ এর পরিবর্তে নিম্নরূপ অনুচ্ছেদ ৮ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“৮। ভবন নির্মাণ, পুনঃনির্মাণের ক্ষেত্রে পালনীয় শর্তাবলী।—ইমারত নির্মাণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরণ করিতে হইবে, যথাঃ—

(ক) ইমারতের সম্মুখে, পশ্চাতে এবং দুই পার্শ্বের সীমানা হইতে যে পরিমাণ স্থান উন্মুক্ত রাখিতে হইবে তাহা নিম্নের তালিকা মোতাবেক নির্ধারিত হইবেঃ—

(৩৯০১)

মূল্যঃ টাকা ২.০০

তালিকা

ক্রমিক নং	সাইটের আয়তন	ইমারতের সম্মুখের সীমানা হইতে	ইমারতের পশ্চাৎ দিকের সীমানা হইতে	ইমারতের দুই পার্শ্বের সীমানা হইতে
১।	দুই কাঠা পর্যন্ত	১.৫০ মিটার	১.৫০ মিটার	০.৯১ মিটার
২।	তিন কাঠা পর্যন্ত	১.৫০ মিটার	১.৫০ মিটার	১.২৫ মিটার
৩।	চার কাঠা পর্যন্ত	১.৫০ মিটার	১.৭৫ মিটার	১.২৫ মিটার
৪।	পাঁচ কাঠা পর্যন্ত ও পাঁচ কাঠার অধিক	১.৫০ মিটার	২.০০ মিটার	১.২৫ মিটার

- (খ) সীমানা প্রাচীরের (বাউভারী ওয়াল) উচ্চতা রাস্তার লেভেল হইতে ২.০০ মিটার এর অধিক হইবে না;
- (গ) সাত তলার (ভূ-গর্ভস্থ তলা ব্যতীত) অধিক ইমারত নির্মাণ করা যাইবে না এবং সাত তলার ছাদ পর্যন্ত ভবনের উচ্চতা রাস্তার লেভেল হইতে ৭০ ফুটের অধিক হইবে না। সাত তলার ছাদে কেবল মাত্র জলাধার ও সিঁড়ি ঘর সর্বোচ্চ ৭ (সাত) ফুট উচ্চতা পর্যন্ত নির্মাণ করা যাইবে এবং ভবনের জন্য লিফট ব্যবহারের ক্ষেত্রে ৭ তলার ছাদের উপর কেবল মাত্র একটি মেশিন রুম নির্মাণ করা যাইবে যাহার উচ্চতা ১৩ (তের) ফুট পর্যন্ত হইবে। সাত তলা ভবনের অতিরিক্ত একটি ভূ-গর্ভস্থ তলা (বেসমেন্ট ফ্লোর) নির্মাণ করা যাইবে।
- (ঘ) বিমান বন্দর, মাইক্রোওয়েভ স্টেশন, টেলিযোগাযোগ স্টেশন, গুরুত্বপূর্ণ স্থাপনা অথবা অন্যান্য বিশেষ কাঠামোর নিকটবর্তী এলাকায় ইমারতের উচ্চতা স্ব-স্ব কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিধিতে উল্লিখিত সীমা অতিক্রম করিবে না;
- (ঙ) দফা (গ) তে যাহা কিছুই থাকুক না কেন, ব্যক্তিমালিকানাধীন নহে এইরূপ ছয় তলার অধিক (বেসমেন্ট ফ্লোরসহ) বহুতল ভবন, কল্যাণমূলক বা বাণিজ্যিক উদ্দেশ্যে নির্মাণের ক্ষেত্রে, সামরিক বা বেসামরিক বিমানের বর্তমান ও ভবিষ্যৎ চলাচল কোনভাবে বাধাগ্রস্ত বা ঝুঁকিপূর্ণ নহে মর্মে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এবং বাংলাদেশ বিমান বাহিনীর নিকট হইতে ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে, রাস্তার লেভেল হইতে ১৫০ (একশত পঞ্চাশ) ফুট উচ্চতা পর্যন্ত (সিঁড়িঘর, জলাধার বা লিফটসহ) ভবন নির্মাণ করা যাইবে;
- (চ) নদীর ধার, বৃহৎ জলাধার, বাগান, ঐতিহাসিক এবং বিশেষ গুরুত্বপূর্ণ এলাকার অবস্থার প্রেক্ষিতে ইমারতের উচ্চতার উপর বোর্ড বিধি-নিষেধ আরোপ করিতে পারিবে;
- (ছ) বিদ্যমান ছয় তলা ভবনে সপ্তম তলা নির্মাণের জন্য ক্যান্টনমেন্ট বোর্ড হইতে সংশোধিত নকশা অনুমোদন করাইয়া নিতে হইবে;

